দুরালাপনী ঃ অফিসঃ ২৫১৩৮০১-৩, ফ্যাক্সঃ ২৫১৩৮০৪
সিএন্ডএফ এজেন্টস্ হল ৭১২১৭৬/ফ্যাক্সঃ ৭১৪১৩৭
Website-www.cnfctg.com, www.cnfctg.org
E-mail-info@cnfctg.com, cnfctg.@gmail.com

# চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

**CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION**

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ২৭/২০১২ — তারিখঃ ১৯/০৪/২০১২খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যাগণের প্রতি, — ৬ বৈশাখ, ১৪১৯ বঙ্গাব্দ।

গত ০৩/০৪/২০১২ তারিখ অনুষ্ঠিত জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টম হাউস ও অত্র এসোসিয়েশনের সাথে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভার কার্যবিবরণী, স্মারক নং-১৬(১)কাস/৮৩-৯৬(অংশ-৪)/১২০২৮কাস, তারিখঃ ১৮/০৪/২০১২ইং সকল সম্মানিত সদস্য/ সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-
( এম রহমান )
উপ সচিব

---

ফ্যাক্স/জিইপি/বাহক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টম হাউস, চট্টগ্রাম।

নথি নং-১৬(১)কাস/৮৩-৯৬(অংশ-৪)/ — তারিখঃ /০৪/২০১২।

বিষয় ঃ **০৩/০৪/২০১২ তারিখ অনুষ্ঠিত জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টম হাউস ও চিটাগাং কাস্টমস ক্লিয়ারিং ও ফরওয়ার্ডিং এজেন্ট এসোসিয়েশনের সাথে অনুষ্ঠিত ত্রিপক্ষীয় সভার কার্যবিবরণী**

০৩/০৪/২০১২ তারিখে কাস্টম হাউস, চট্টগ্রামে বিভিন্ন সমস্যা নিয়ে জাতীয় রাজস্ব বোর্ড, কাস্টম হাউস, চট্টগ্রাম এবং সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশনের নেতৃবৃন্দের সমন্বয়ে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (শুল্ক) জনাব মোঃ নাসিরউদ্দিন-এর সভাপতিত্বে একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি জাতীয় অর্থনীতিতে কাস্টম হাউস, চট্টগ্রামের ভূমিকার কথা সকলকে স্মরণ করিয়ে দেন এবং রাজস্ব আদায়ে সকলকে এ বিষয়ে সহযোগিতা করার আহ্বান জানান।

২। সভাপতির অনুমতিক্রমে সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশনের নেতৃবৃন্দ তাদের বিভিন্ন দাবী উথাপন করেন। এ বিষয়ে সভার বিস্তারিত আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত নিম্নে উল্লেখ করা হলোঃ

| ক্রঃ নং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | বিনা কারণে অথবা আমদানিকারকের অপরাধে সিএন্ডএফ এজেন্টের AIN LOCK করা। | কমিশনারের আদেশ ব্যতীত কোন পর্যায় হতে AIN LOCK করা হচ্ছে না। এই বিষয়ে ইতোমধ্যে একটি স্থায়ী আদেশ জারী করা হয়েছে [অফিস আদেশ নং-৩১, তারিখ- ১৫/০৩/২০১২]। ইতোপূর্বে যে সকল AIN LOCK করা হয়েছে এবং যে সকল ক্ষেত্রে সুনির্দিষ্ট কারণ System থেকে পাওয়া যাচ্ছে না তা UNLOCK করার ব্যবস্থা নেয়া হবে। |
| ২ | একই পণ্য চালান একাধিকবার কায়িক পরীক্ষার আদেশ প্রদান। | যে সকল ক্ষেত্রে একাধিক দপ্তরের কর্মকর্তার সমন্বয়ে কায়িক পরীক্ষা করা হবে, সে সকল ক্ষেত্রে সকল দপ্তরের উপস্থিতিতে একবারে কায়িক পরীক্ষা করা হবে। যুগ্ম কমিশনার (জেটি) এ বিষয়ে ব্যবস্থা নিবেন। জেটি-তে যুগ্ম কমিশনার না থাকলে সংশ্লিষ্ট ডেপুটি/সহকারী কমিশনার কায়িক পরীক্ষার কর্মকর্তা মনোনীত করে পদস্থ করবেন। |
| ৩ | শুল্ক মূল্যায়ন বিধিমালা, ২০০০ পরিপালন না করে পণ্যের মূল্য চড়াও করার আদেশ প্রদান। | পণ্যের মূল্য নির্ধারণে শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ অনুসরণ করা হচ্ছে এবং ভবিষ্যতেও তা করা হবে। এ ক্ষেত্রে আবশ্যিকভাবে পণ্যের পূর্ণাঙ্গ বর্ণনা ও মূল্য ঘোষণা ফরম বিল অব এন্ট্রির সাথে দাখিল করতে হবে। |
| ৪ | বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা কর্তৃক IGM/BIN LOCK করা। | কমিশনার ব্যতীত অন্য কোন কর্মকর্তা IGM/BIN Lock করবেন না এবং এই বিষয়ে একটি আদেশও জারী করা হয়েছে [অফিস আদেশ-৩১, তারিখ- ১৫/০৩/২০১২]। |
| ৫ | কায়িক পরীক্ষায় বেশী সময় নেয়া এবং অগ্রহণযোগ্য কারণে anomaly register- এ লিপিবদ্ধ করণ। | কায়িক পরীক্ষা প্রত্যহ সকাল ৯ টায় শুরু করতে হবে। মধ্যাহ্ন বিরতির পর ২-৫ টার মধ্যে কায়িক পরীক্ষা প্রতিবেদন প্রদানের ব্যবস্থা নেয়া হবে। এক্ষেত্রে পরীক্ষার আগের দিন সন্ধ্যার মধ্যে/রাতে Container Keep Down করতে হবে। অনিবার্য এবং জরুরী পরিস্থিতিতে পরীক্ষা এবং প্রতিবেদন প্রদানের সময়সীমা পরিবর্তিত হতে পারে। |
| ৬ | কায়িক পরীক্ষায় সঠিক প্রাপ্ত পণ্য চালানসমূহ সংশ্লিষ্ট শুল্কায়ন সেকশনে পরীক্ষা প্রতিবেদনের আলোকে সরাসরি শুল্কায়নের পরিবর্তে উর্ধ্বতন কর্মকর্তার নিকট প্রেরণের কারণে সময়ক্ষেপণ ও আমদানিকারকের ব্যয় বৃদ্ধি পাচ্ছে। | কায়িক পরীক্ষায় প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী আইন ও বিধি মোতাবেক যথোপযুক্ত কর্মকর্তা শুল্কায়ন করবেন। পণ্য চালান ঘোষণা মোতাবেক কায়িক পরীক্ষায় সঠিক পাওয়া গেলে রাজস্ব কর্মকর্তা পর্যায়ে শুল্কায়ন সম্পন্ন হবে। |
| ৭ | জেটি পরীক্ষণ শাখা, AIR শাখা, আনস্টাফিং শাখা, গেইট ডিভিশন শাখা থাকা সত্ত্বেও প্রিভেন্টিভ সার্ভিস নামে একটি শাখার কার্যক্রম। | প্রিভেন্টিভ সার্ভিসের সার্ভিল্যান্স ইউনিটের প্রয়োজন নাই। |

চলমান পাতা # ০২

| ক্রঃ নং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত |
|---|---|---|
| ৮ | মূলধনী যন্ত্রপাতি ও যন্ত্রাংশ আমদানির শুল্কায়ন সহজীকরণ। | এক্ষেত্রে মূসক-৭ বা বিনিয়োগ বোর্ডের নিবন্ধনের যে কোন একটি শুল্কায়নের ভিত্তি হিসেবে গ্রহণযোগ্য হবে। মূসক-৭ এ যন্ত্রপাতির তালিকা থাকলে তার ভিত্তিতে শুল্কায়ন করা যাবে। শুল্কায়নের জন্য প্রয়োজনীয় সকল দলিল দাখিল করতে হবে। ক্যাটালগ অবশ্যই পূর্ণাঙ্গ বর্ণনা সম্বলিত হতে হবে Internet থেকে Download করা ক্যাটালগ পূর্ণাঙ্গ বর্ণনাসহ থাকলে গ্রহণ করা হবে। |
| ৯ | পণ্য চালানবাহী কন্টেইনার স্ক্যানিং-এ সন্দেহজনক হলে সে বিষয়ে করণীয়। | স্ক্যানিং-এ কোন কন্টেইনার সন্দেহজনক হলে রাত ১২.০০ টার পূর্ব পর্যন্ত RO (AIR)/ ACP/DCP-এর মধ্যে যে কোন একজনের তত্ত্বাবধানে রাতেই পরীক্ষার ব্যবস্থা নেয়া হবে। রাত ১২ টার পর স্ক্যানিং সন্দেহজনক হলে পরদিন সকালে পরীক্ষাপূর্বক ব্যবস্থা নেয়া হবে। |
| ১০ | কায়িক পরীক্ষা প্রতিবেদনে পণ্যের মূল্য, H.S.Code ও পরীক্ষাকারী কর্মকর্তার পণ্যের বিষয়ে মতামত প্রদান। | কায়িক পরীক্ষা প্রতিবেদনে পণ্যের পূর্ণাঙ্গ বিবরণ, পরিমাণ ও গুণগত মান ইত্যাদি উল্লেখ করতে হবে। মূল্য বা H.S.Code বিষয়ে মন্তব্যের প্রয়োজন নেই। |
| ১১ | শুল্কায়ন পর্যায়ে প্রয়োজনীয় দলিলাদি দাখিল। | সিএন্ডএফ এজেন্টগণ বিল অব এন্ট্রি দাখিলকালে প্রয়োজনীয় সকল দলিল দাখিল করবে। সকল সেকশনে প্রয়োজনীয় দলিলাদির একটি তালিকা টাঙ্গানো হবে। রাজস্ব কর্মকর্তা নথি অগ্রায়নকালে সকল দলিল দাখিল করা হয়েছে কিনা তা নিশ্চিত করবেন। |
| ১২ | Assessment Committee-এর সিদ্ধান্ত পুনর্বিবেচনা। | পূর্বের Assessment Committee-এর কোন সিদ্ধান্ত পরিবর্তনের যৌক্তিক ভিত্তি থাকলে তার Review করার জন্য কমিশনারের নিকট সংশ্লিষ্ট সেকশন প্রস্তাব প্রেরণ করবে। |
| ১৩ | কাস্টম হাউস, চট্টগ্রামের রাসায়নিক পরীক্ষাগারের প্রতিবেদন। | যে সকল পরীক্ষা কাস্টম হাউস, চট্টগ্রামের রাসায়নিক পরীক্ষাগারে করা সম্ভব তা উক্ত পরীক্ষাগারেই পরীক্ষা করতে হবে। যদি কোন ক্ষেত্রে উক্ত পরীক্ষা কাস্টম হাউসের পরীক্ষাগারে সম্পন্ন করা না যায় তবে বহি:ল্যাবে তা পরীক্ষা করা যাবে। |
| ১৪ | পণ্যের বর্ণনা সঠিক ও H.S.Code ভুল হলে করণীয়। | যদি পণ্যের বর্ণনা সঠিক ও পূর্ণাঙ্গ হয় কিন্তু H.S.Code ভুল হয় তবে এক্ষেত্রে বর্ণনা অনুযায়ী সঠিক H.S.Code-এ শুল্কায়ন করতে হবে। |
| ১৫ | IGM এ আমদানিকারকের নাম পরিবর্তন। | সংশ্লিষ্ট লিয়েন ব্যাংক, উভয় আমদানিকারক এবং শিপিং এজেন্টের অনাপত্তি থাকলে বাংলাদেশ ব্যাংক, বাণিজ্য মন্ত্রণালয়/ CCI&E-এর অনুমতির প্রয়োজন নেই। এই বিষয়ে ২০০৮ সালে জারীকৃত জাতীয় রাজস্ব বোর্ডের আদেশ সংশোধনের জন্য জাতীয় রাজস্ব বোর্ডে পত্র প্রেরণ করা হবে। উক্ত সংশোধনের পূর্ব পর্যন্ত ইতোপূর্বে অনুসৃত পদ্ধতির ধারাবাহিকতায় লিয়েন ব্যাংক, উভয় আমদানিকারক এবং শিপিং এজেন্টের অনাপত্তিসহ প্রয়োজনীয় দলিলাদি দাখিল করা হলে IGM-এ আমদানিকারকের নাম পরিবর্তন করা হবে। |

চলমান পাতা # ০৩

| ক্রঃ নং | আলোচ্য সূচী | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১৬ | On chassis ডেলিভারী পদ্ধতি। | যে সকল On chassis ডেলিভারীর ক্ষেত্রে একাধিক কন্টেইনার থাকবে সে সকল ক্ষেত্রে আমদানিকারক রিস্ক বন্ডে উল্লেখ করবেন যে, সমুদয় পণ্য চালান স্ক্যানিংসহ কায়িক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) শেষ করে খালাস না হওয়া পর্যন্ত পণ্য তার জিম্মায় থাকবে এবং কোন অসংগতি পাওয়া গেলে তিনি শুল্ক কর্তৃপক্ষের আইনানুগ সিদ্ধান্ত মেনে নিতে বাধ্য থাকবেন। সংশ্লিষ্ট সিএন্ডএফ এজেন্ট উক্ত রিস্ক বন্ড Validate করবেন। |

৩। পরিশেষে সভাপতি মহোদয় কাস্টম হাউস, চট্টগ্রাম সংশ্লিষ্ট যে কোন সমস্যা সমাধানের ক্ষেত্রে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(মোঃ নাসিরউদ্দিন)
সদস্য (শুল্ক)
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
ফোন ঃ ০২-৮৩৯১১৭১।

নথি নং-১৬(১)কাস/৮৩-৯৬(অংশ-৪)/ ২২০২৮ তারিখঃ ১৮/০৪/২০১২।

**অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ**

১। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/মংলা, খুলনা/আইসিডি, কমলাপুর, ঢাকা/ বেনাপোল।
২। সভাপতি, এফবিসিসিআই, ৬০, মতিঝিল বা/এ, ঢাকা।
৩। সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, চেম্বার হাউস, ৩৮, আগ্রাবাদ সি/এ, চট্টগ্রাম।
৪। সভাপতি, চিটাগাং সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, আগ্রাবাদ, চট্টগ্রাম।

**অভ্যন্তরীণ বিতরণ ঃ**

১। অতিরিক্ত কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম।
২। যুগ্ম কমিশনার(সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৩। ডেপুটি কমিশনার(সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৪। সহকারী কমিশনার (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৫। রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৬। সহকারী রাজস্ব কর্মকর্তা (সকল), কাস্টম হাউস, চট্টগ্রাম।
৭। অফিস কপি।

Hassan 18.4.12
**(মোহাম্মদ মাহমুদুল হাসান)**
ডেপুটি কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম
ফোন # ০৩১-৭১৫৩৩৫
ই-মেইল # hassan_nbrbd@yahoo.com